দৈনিক জনকণ্ঠ

30 MAY 2017

পৃ: ০৮ ... কলা: ৭

# গণবিশ্ববিদ্যালয়ে বিবিএ অনুমোদন দাবিতে ফটকে তালা

**নিজস্ব সংবাদদাতা, সাভার, ২৯ মে** ॥ সাভার গণবিশ্ববিদ্যালয়ে ব্যবসায় প্রশাসন (বিবিএ) বিভাগের অনুমোদনের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত রয়েছে। আন্দোলনের অংশ হিসেবে সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন এবং পরীক্ষা নিয়ন্ত্রক ভবনের প্রধান ফটকে তালা ঝুলিয়ে বিশ্ববিদ্যালয়ের সব ধরনের প্রশাসনিক কার্যক্রম বন্ধ করে দিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীরা।

একপর্যায়ে প্রশাসনিক ভবনে ঢুকতে না পেরে একাডেমিক ভবনের সামনে অবস্থানরত রেজিস্ট্রার দেলোয়ার হোসেনকে ঘেরাও করে শিক্ষার্থীরা স্লোগান দিতে থাকে। এ সময় রেজিস্ট্রার দেলোয়ার হোসেন শিক্ষার্থীদের আশ্বস্ত করার চেষ্টা করলে শিক্ষার্থীরা 'আর কোন আশ্বাস নয়, সমাধান চাই' বলে সমস্বরে স্লোগান দিতে থাকে।

বিবিএ বিভাগের শিক্ষার্থীরা জানায়, অনুমোদন না পাওয়া পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে। সাত বছর ধরে শিক্ষা কার্যক্রম নির্বিঘ্নে চলতে দেবার পর হঠাৎ আমাদের ভবিষ্যত নষ্ট করে ফেলা যাবে না। আমরা আমাদের ভবিষ্যত নিয়ে ভীত। আমাদের ভবিষ্যত রক্ষায় বিবিএ বিভাগের অনুমতি দিতেই হবে। আমরা আমাদের দাবি অবশ্যই আদায় করব। গণবিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দেলোয়ার হোসেন জানান, আমরা ২০১১ সাল থেকে বিবিএ বিভাগের কার্যক্রম চালিয়ে আসছি।

ভর্তির জন্য পত্রিকায় বিজ্ঞাপন না দিলে এত শিক্ষার্থী ভর্তি হয়েছে কিভাবে? আমরা পত্রিকায় বিজ্ঞাপন দিয়েই শিক্ষার্থী ভর্তি করেছি। ইউজিসি তখন কিছু না জানিয়ে এখন জানাচ্ছে। আমরা নিয়ম মেনেই সবকিছু করেছি। নতুন সিলেবাস প্রণয়নের জন্য আবেদন এবং বরাদ্দ ফীও দিয়েছি। ১৯৯৬ সালে বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দেবার সময় বলা হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের দাখিলকৃত পাঠ্যসূচী, শিক্ষক তালিকা সুষম ও নিবিড়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এসব কোর্স কারিকুলাম পাঠ্যসূচী অনুমোদন করেছে। এরপরও আমাদের অনুমতি নেই- এটা একেবারেই অযৌক্তিক। শিক্ষার্থীদের ভবিষ্যত রক্ষায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান পদক্ষেপ নিয়ে তিনি বলেন, হঠাৎ করেই অনুমোদন নেই- ব্যাপারটি নিয়মবহির্ভূত। আমরা আমাদের শিক্ষার্থীদের ভবিষ্যত রক্ষায় আদালতের শরণাপন্ন হয়েছি এবং আমাদের সপক্ষের সমস্ত প্রমাণাদি আদালতে পেশ করেছি। পাঁচ শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলা যাবে না।